AME(ICT RTHD)
12/04/2016

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা
www.rthd.gov.bd

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৭.১৫-১০১

তারিখ : ২৮ চৈত্র ১৪২২ / ১১ এপ্রিল ২০১৬

# প্রজ্ঞাপন

যেহেতু জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর কর্তৃক গত ০১.০৭.২০১৫ তারিখের ৭পি-৩৯/২০০৫-৮৪৮-ই সংখ্যক অফিস আদেশ মূলে বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ মোতাবেক শারীরিক অসুস্থতাজনিত কারণে চিকিৎসা গ্রহণ ও চিকিৎসা পরবর্তী বিশ্রামের জন্য ০১.০৭.২০১৫ হতে ৩০.০৭.২০১৫ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়। অতঃপর তিনি ০৬.০৭.২০১৫ তারিখে ছুটিতে গমন করেন;

যেহেতু তিনি গত ২৭.০৭.২০১৫ তারিখে ছুটি ভোগরত অবস্থায় অর্জিত ছুটি আরো ০৩ মাস বর্ধিতকরণের জন্য প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর বরাবর আবেদন করেন। তদপ্রেক্ষিতে, যুক্তিসংগত কারণ না থাকায় প্রধান প্রকৌশলী ছুটি বর্ধিত না করে তাঁকে কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করেন। কিন্তু উক্ত নির্দেশনা সত্ত্বেও তিনি কর্মক্ষেত্রে যোগদান না করে বিগত ০৬.০৮.২০১৫ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন;

যেহেতু অর্জিত ছুটি শেষ হওয়ার পর কর্মস্থলে যোগদান না করায় গত ০৮.০৯.২০১৫ তারিখের ৩৫.০০.০০০০. ০২২.১৫.০৫৪.১৪-৭০৯ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২(ডি) এর সংজ্ঞা অনুযায়ী ডিজারশন এবং একই বিধিমালার ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ এবং উক্তরূপ কার্যকলাপের জন্য তাঁকে একই বিধিমালার ৩(বি) ও ৩(সি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ এবং ডিজারশনের অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর ২৯/২০১৫ রুজু করা হয়;

যেহেতু উক্তরূপ কার্যকলাপের জন্য কেন তাঁকে একই বিধিমালার ৪(৩)(ডি) বিধি অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি প্রদান করা হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। তিনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু তিনি জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীর আগ্রহও প্রকাশ করেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব আনোয়ার হোসেন চৌধুরী-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদীয় প্রতিবেদনে উল্লেখ করেন যে, জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী {(চঃদাঃ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি-২ (ডি) এর সঙ্গা অনুযায়ী ডিজারশন এবং একই বিধিমালার বিধি-২ (এফ) অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

চলমান পাতা-২

যেহেতু অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, অভিযুক্ত কর্মকর্তা গত ১০.০২.২০১৬ তারিখ সুস্থতার সনদসহ চাকুরীতে যোগদান করেছেন। অপরদিকে ছুটি মঞ্জুর করা হয়নি বিধায় গত ০৫.০৮.২০১৫ তারিখ হতে যোগদানের পূর্বদিন অর্থাৎ ০৯.০২.২০১৬ তারিখ পর্যন্ত সময়কাল অননুমোদিত বা বিনা ছুটিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী তাঁর বিরুদ্ধে উত্থাপিত অসদাচরণ ও দুর্নীতিপরায়ণতার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি;

সেহেতু এক্ষণে, সুস্থতার সনদসহ কর্মস্থলে যোগদান করা এবং তদন্তে উত্থাপিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় সার্বিক বিবেচনায় জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী {(চঃদাঃ) (সাময়িকভাবে বরখাস্ত)}, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে বিভাগীয় মামলা নম্বর ২৯/২০১৫ হতে অব্যাহতি প্রদান করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২০.০৪.১৬

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০২৭.১৫-১০১/১(১৬)

তারিখ : ২৮ চৈত্র ১৪২২
১১ এপ্রিল ২০১৬

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার উক্ত কর্মকর্তার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৯. উপসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি উক্ত কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)**
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, ঢাকা
১৩. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)**
১৪. জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী {(চঃদাঃ) প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)**
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

(যাহিদা খানম)
যুগ্মসচিব
ফোন: ৯৫১৩৬৮৮